**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১৮ চৈত্র ১৪২৭ / ০১ এপ্রিল ২০২১

# প্রশাসনিক পরিপত্র নং- ১৯/২০২১

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ২৫.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত ৫৯২তম সভায় "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২১" অনুমোদিত হয়েছে। পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২১" সকলের অবগতির জন্য এতৎসঙ্গে জারি করা হলো।

০২। কর্পোরেশনের ইন্টার্নশিপ প্রোগ্রাম সংক্রান্ত কার্যক্রমের ক্ষেত্রে উক্ত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(তানজিনা চৌধুরী)
মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
# ইন্টার্নশিপ নীতিমালা, ২০২১

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

১। প্রেক্ষাপটঃ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণসহ পুঁজিবাজার উন্নয়নে উল্লেখযোগ্যভাবে প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে আসছে। পুঁজিবাজারের কার্যক্রম সম্পর্কে নতুন প্রজন্মের গ্রাহক/বিনিয়োগকারীদের আকৃষ্ট ও উৎসাহ প্রদানের লক্ষ্যে ইন্টার্নশিপ কার্যক্রম একটি অন্যতম মার্কেটিং পলিসি হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে। এছাড়া, আলোচ্য ইন্টার্নশিপ কার্যক্রমে সহায়তাকরণ সামাজিক দায়বদ্ধতারও পরিচায়ক। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আইসিবি'র প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়ে ইন্টার্নশিপের জন্য আবেদনকারীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সরকারি বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবেদনের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কর্পোরেশনের পক্ষে সকল শিক্ষার্থীকে ইন্টার্নশিপ প্রোগ্রামের আওতায় অন্তর্ভুক্ত করা দুরূহ বলে প্রতীয়মান হচ্ছে। এ প্রেক্ষিতে কর্পোরেশনে ইন্টার্নশিপ বিষয়ক নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন যা "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

২। **নীতিমালার প্রযোজ্যতাঃ**

দেশের স্বনামধন্য সরকারি, বেসরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ করার অনুমতি ও ভাতা প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে।

৩। **নীতিমালার উদ্দেশ্যঃ**

(ক) নলেজ শেয়ারিং এর মাধ্যমে কর্পোরেশনে কর্মরত কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে পুঁজিবাজার বিষয়ক বিশ্লেষণধর্মী জ্ঞানের পরিধি বৃদ্ধিকরণ;

(খ) কর্পোরেশনের সুনাম বৃদ্ধিকরণ এবং নতুন প্রজন্মের গ্রাহক/বিনিয়োগকারী আকৃষ্টকরণ;

(গ) কর্পোরেশনের প্রোডাক্ট এবং সার্ভিসের প্রচার বৃদ্ধিকরণ;

(ঘ) বিজনেস গ্র্যাজুয়েট ইন্টার্নীদের পুঁজিবাজার সম্পর্কিত ইনোভেশন আইডিয়া কর্পোরেশনের কার্যক্রমে অন্তর্ভুক্তকরণ।

৪। **আবেদন প্রক্রিয়াঃ**

ইন্টার্নশিপের জন্য শিক্ষার্থীদেরকে অধ্যয়নরত বিশ্ববিদ্যালয়ের অফার লেটার এর মাধ্যমে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করতে হবে। এছাড়া শাখা কার্যালয়ে ইন্টার্নশিপের জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে শাখা প্রধান এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করতে হবে। উক্ত আবেদনের সাথে শিক্ষার্থীর জীবনবৃত্তান্ত (Curriculum Vitae) ও সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

৫। **আবেদনের যোগ্যতাঃ**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আবেদন বিবেচ্য হবে।

৬। **ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারীর সর্বোচ্চ সীমাঃ**

আইসিবি'র প্রধান কার্যালয়ে প্রতি ০৩ মাসের অন্তর্বর্তীকালীন সময়ে সর্বোচ্চ ১০ জন করে ০৩ টি টিমে ইন্টার্নশিপ করার সুযোগ দেয়া হবে। এছাড়া, শাখা কার্যালয়সমূহ স্ব-স্ব শাখায় ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী সর্বাধিক শিক্ষার্থীর সংখ্যা নির্ধারণ করবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে এ সংখ্যা পরিবর্তন করতে পারবে।

চলমান পাতা -২

৭। ভাতা/সম্মানী প্রদানঃ

ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে প্রতি কর্মদিবসে উপস্থিতির জন্য ৩০০.০০ (তিনশত) টাকা ভাতা/সম্মানী প্রদান করা হবে। উক্ত ভাতা/সম্মানী কর্পোরেশনের ইন্টার্নশিপ খাতের বাজেট হতে নির্বাহ করা হবে।

৮। সাধারণ শর্তাবলিঃ

(ক) ইন্টার্নশিপের সময়কাল সর্বোচ্চ ০৩ (তিন) মাস;

(খ) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে কর্পোরেশনের অফিস সময়সূচি অনুযায়ী উপস্থিত থাকতে হবে এবং আইসিবি'র প্রচলিত নিয়মকানুন মেনে চলতে হবে;

(গ) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ন্যূনতম ৭০% উপস্থিতি থাকতে হবে;

(ঘ) প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়ে ইন্টার্নশিপ প্রোগ্রাম সম্পন্নকারী শিক্ষার্থীকে পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে প্রস্তুতকৃত রিপোর্ট/প্রতিবেদনের হার্ডকপি এবং সফট্‌কপি যথাক্রমে প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে এবং শাখা কার্যালয়ে দাখিল করতে হবে। এক্ষেত্রে, ইন্টার্নশিপ রিপোর্ট/প্রতিবেদন হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট/শাখা কর্তৃক প্রত্যয়নপূর্বক শিক্ষার্থীর অধ্যয়নরত বিশ্ববিদ্যালয়ে জমা প্রদান করতে হবে;

(ঙ) ইন্টার্নশিপ প্রোগ্রামে প্রাপ্ত তথ্যাবলী কেবল একাডেমিক উদ্দেশ্যে ব্যবহার করতে হবে এবং কর্পোরেশন সম্পর্কে রিপোর্ট/প্রতিবেদনে নির্ভুল তথ্য উপস্থাপন করতে হবে;

(চ) কোন ইন্টার্নী কর্পোরেশনের শৃঙ্খলা বিরোধী এবং শিষ্টাচার বহির্ভূত আচরণে লিপ্ত হলে কর্পোরেশন কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঐ শিক্ষার্থীর ইন্টার্নশিপ বাতিল করতে পারবে।

৯। বিবিধঃ

(ক) এই নীতিমালায় উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

(খ) সময়ের সাথে সামঞ্জস্য রেখে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বর্ণিত নীতিমালায় প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন অথবা সংযোজন করতে পারবে।

১০। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।